# ঢাকা বোর্ড-২০১৬

উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন : প্রথম পত্র বিষয় কোড : ২ ৮ ৬

সময়-২ ঘণ্টা ১০ মিনিট সৃজনশীল প্রশ্ন পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

১.▶ বাবুলাল ঘোষ বিভিন্ন ধরনের মিষ্টান্ন দ্রব্য তৈরি করেন। ঐতিহ্য ও পূর্ব সুনামের কারণে তার মিষ্টি জাতীয় দ্রব্যের প্রচুর চাহিদা রয়েছে। অন্যদিকে একই শহরের মিষ্টি ব্যবসায়ী শ্রী জীবন ঘোষের সম্প্রতি প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে সমমানের মিষ্টান্ন তৈরি হওয়া সত্ত্বেও বিভিন্ন ধরনের মিষ্টান্ন অবিক্রীত থেকে যায়। এ সমস্যা নিরসন করার জন্য শ্রী জীবন ঘোষ তার প্রতিষ্ঠানের মিষ্টান্ন দ্রব্য বাংলাদেশের বিভিন্ন এলাকায় সরবরাহের উদ্যোগ গ্রহণ করেন।

ক. শ্রম উৎপাদনশীলতার সূত্রটি লেখো। ১

খ. উৎপাদনশীলতার সাথে ব্যয়ের সম্পর্ক ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বাবুলাল ঘোষ কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন? ৩

ঘ. সংকট নিরসনে শ্রী জীবন ঘোষের গৃহীত পদক্ষেপের যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

২.▶ নিচে 'M' ও 'N' দুটি দেশের বিভিন্ন তথ্য উপস্থাপন করা হলো—

| তথ্যের বিবরণ | 'M' দেশ (কোটি ডলার) | 'N' দেশ (কোটি ডলার) |
|---|---|---|
| মোট ভোগ ব্যয় | ২,০০০ | ৪,০০০ |
| বিনিয়োগ ব্যয় | ৬,০০০ | ৮,০০০ |
| সরকারি ব্যয় | ১০,০০০ | ৬,০০০ |
| মোট রপ্তানি | ৪,০০০ | ৪,০০০ |
| মোট আমাদনি | ৮০০ | ৬০০ |
| অবচয়/মূলধনজনিত ব্যয় | ২০০ | ২০০ |
| জনসংখ্যা | ৪ কোটি | ৪ কোটি |

ক. জাতীয় আয় কী? ১

খ. প্রবাসীদের উপার্জিত অর্থ GDP তে অন্তর্ভুক্ত হয় না কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে উল্লিখিত 'M' দেশের নিট জাতীয় উৎপাদন নির্ণয় করো। ৩

ঘ. 'M' ও 'N' দেশের মধ্যে কোন দেশের জনগণের জীবনযাত্রার মান ভালো তা মূল্যায়ন করো। ৪

http://teachingbd.com

৩.▶ মি. রশিদ নারায়ণগঞ্জে একটি রপ্তানিমুখী গার্মেন্টস কারখানা গড়ে তোলেন। কারখানায় উন্নতমানের পণ্যসামগ্রী উৎপাদিত হওয়ায় বিদেশে পণ্যের চাহিদা ব্যাপকভাবে বৃদ্ধি পায়। কিন্তু স্থানের অভাবে কারখানার আয়তন বৃদ্ধি করতে না পারায় যোগান বৃদ্ধি করতে পারছেন না।

ক. শ্রম গতিশীলতা কী? ১

খ. মূলধন গঠনে সঞ্চয়ের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ. মি. রশিদ উৎপাদনের কোন উপকরণের অভাবে পণ্যের যোগান বৃদ্ধি করতে পারছেন না? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মি. রশিদের কাজ ও কর্মীদের কাজ এক নয়। তুমি কি একমত? যুক্তি সহকারে মতামত দাও। ৪

৪.▶ জনাব তাহেরের জুতা কারখানায় বর্তমানে ১৫০ জন শ্রমিক কর্মরত রয়েছে। উক্ত প্রতিষ্ঠানে তার বিনিয়োগের পরিমাণ ১০ কোটি টাকা। তাহেরের প্রতিষ্ঠানটির সাফল্য দেখে তার বন্ধু আজিম কতিপয় বন্ধুসহ একই স্থানে অন্য একটি জুতা কারখানা স্থাপন করেন। তাদের শিল্পে বিনিয়োগের পরিমাণ ২৫ কোটি টাকা। ৩৫০ জন শ্রমিক নিয়োগের মাধ্যমে আজিমের ব্যবসায়টিও সফলতার সাথে এগিয়ে চলছে।

ক. মাত্রাজনিত ব্যয় সংকোচ কী? ১

খ. কাম্য মাত্রায় উৎপাদন ব্যয় সর্বনিম্ন হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের সংগঠনটি মাত্রা অনুযায়ী কোন ধরনের এন্টারপ্রাইজ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠান দুটির মধ্যে দেশের জাতীয় অর্থনীতিতে কোনটির ভূমিকা অধিক? ধরন উল্লেখপূর্বক মতামত দাও। ৪

৫.▶ হোটেল 'সীগাল' দেশি বিদেশি পর্যটকদের কাছে অতি পরিচিত নাম। সমুদ্র সৈকতের পাশে অবস্থিত হওয়ায় এটির গুরুত্ব আরও বেশি বৃদ্ধি পেয়েছে। সম্প্রতি ইতালি থেকে একদল বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী কক্সবাজার সমুদ্র সৈকতে বেড়াতে এসে এ হোটেলে উঠে। হোটেল কর্তৃপক্ষ তাদের চাহিদা ও পছন্দ মোতাবেক সেবা প্রদান করায় শিক্ষার্থীগণ উপকৃত হয়। ফলে এই হোটেলের সুনাম দেশের বাইরে ছড়িয়ে পড়েছে।

http://teachingbd.com

ক. উৎপাদন ব্যবস্থাপনা কী? ১
খ. সেবা কি পণ্য? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ব্যবসায়টি কোন খাতের অন্তর্গত? ব্যাখ্যা করো। ৩
ঘ. তুমি কি মনে করো শুধু কাস্টমাইজেশন এর কারণেই হোটেল সীগালের সুনাম বৃদ্ধি পেয়েছে? তোমার উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৬.▶ জনাব নাসির দিনাজপুর থেকে ফড়িয়ার মাধ্যমে ধান সংগ্রহ করেন এবং এরপর নিজস্ব চাতালে প্রক্রিয়াজাতকরণ করে চাল উৎপাদন করেন। কয়েক বছরের মধ্যে তার প্রতিষ্ঠানের সুনাম ও বিক্রয় বৃদ্ধি পায়। তাই তিনি উৎপাদন বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেন। তিনি ব্যাংক থেকে ঋণ নিয়ে অধিক ক্ষমতাসম্পন্ন মেশিন ক্রয় করেন এবং আরও কয়েকজন শ্রমিক নিয়োগ দেন।

ক. মান কী? ১
খ. মান নির্ধারণে দায়িত্বপ্রাপ্ত আন্তর্জাতিক সংস্থাটির ভূমিকা ব্যাখ্যা করো। ২
গ. জনাব নাসিরের কাজটি উৎপাদনের কোন উপকরণের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'শ্রম দিলেও নাসির সাহেবের কাজ ও কর্মীদের কাজ এক নয়'- মূল্যায়ন করো। ৪

৭.▶ জনাব নয়ন একটি স্বনামধন্য পানীয় কারখানার মালিক। উক্ত কারখানার উৎপাদন ক্ষমতা অনুযায়ী তার কারখানায় দৈনিক ১৫,০০০ লিটার পানীয় উৎপাদন সম্ভব। কিন্তু দক্ষ ও প্রশিক্ষণপ্রাপ্ত শ্রমিকের অভাবে তিনি লক্ষ্যমাত্রা অনুযায়ী পানীয় উৎপাদন করতে পারছেন না। বাজারে এ পানীয় খুবই জনপ্রিয়। ফলে ক্রেতাদের চাহিদামত পানীয় সরবরাহ করতে না পারার কারণে দিন দিন বাজার হাতছাড়া হয়ে পড়ছে। বিষয়টি নিয়ে মি. নয়ন খুবই চিন্তিত।

ক. প্রকৃত উৎপাদন ক্ষমতা কী? ১
খ. কাম্য উৎপাদন মাত্রা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের প্রতিষ্ঠানে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. উৎপাদন ক্ষমতা ব্যবহারের জন্য জনাব নয়নের করণীয় সুপারিশ করো। ৪

http://teachingbd.com

৮.▶ জনাব রাসেল ঢাকা-সিলেট মহাসড়কের পাশে মাধবপুর এলাকায় একটি সিএনজি ফিলিং স্টেশন স্থাপন করেন। প্রতিদিন কয়েকশত গাড়ি এ স্টেশন থেকে সিএনজি লোড করে। গাড়িতে সিএনজি লোড করার জন্য যে সময় প্রয়োজন হয় সে সময়ে অধিকাংশ চালক ও যাত্রীগণ অলস সময় কাটায়। এ বিষয়টি মাথায় রেখে তিনি সিএনজি স্টেশনের পাশাপাশি একটি রেস্টুরেন্ট চালু করার সিদ্ধান্ত গ্রহন করেন। পরবর্তীতে তিনি রেস্টুরেন্টের পাশাপাশি আবাসিক হোটেল ব্যবসায় শুরু করেন। ফলে স্বল্প সময়ের মধ্যে তিনি সফল ব্যবসায়ীরূপে আবির্ভূত হলেন।

ক. শ্রমের সহজলভ্যতা কী? ১

খ. 'উৎপাদন ব্যবস্থার উন্নয়নে ব্যবসার অবস্থান গুরুত্বপূর্ণ'— ব্যাখ্যা করো। ২

গ. জনাব রাসেল সিএনজি স্টেশন স্থাপনে কোন দিকটি বিবেচনা করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব রাসেলের ব্যবসায়িক সফলতা অর্জনে স্থান নির্বাচন কতটুকু যুক্তিযুক্ত? ব্যাখ্যা করো। ৪

৯.▶ ABC লি. একটি আধুনিক আসবাবপত্র প্রস্তুতকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানে একটি বিভাগে ড্রইং, একটিতে কাটিং এবং অন্য একটিতে ফিনিশিং কার্য সম্পাদন করার জন্য কর্মী ও যন্ত্রের বিন্যাস ঘটানো হয়েছে। এতে করে নির্দিষ্ট সময়ের মধ্যে ন্যূনতম ব্যয়ের মাধ্যমে ফরমায়েশকৃত আসবাবপত্রের সরবরাহ করা সম্ভব হয়েছে। এতে করে স্বল্প সময়ের মধ্যে ABC কোম্পানি একটি স্বনামধন্য প্রতিষ্ঠানরূপে আবির্ভাব হয়েছে।

ক. আউটপুট পরিমাপ কী? ১

খ. উৎপাদন ক্ষমতার সংকোচন বলতে কী বোঝ? ২

গ. ABC কোম্পানির বিন্যাস পদ্ধতিটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. ABC কোম্পানির সাফল্য লাভে বিন্যাস পদ্ধতি কতটা যৌক্তিক বলে তুমি মনে করো? ব্যাখ্যা করো। ৪

http://teachingbd.com

সময়— ৪০ মিনিট পূর্ণমান— ৪০ **উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা** বিষয় কোড : | ২ | ৮ | ৬ |

[বি: দ্র: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. নারায়ণগঞ্জে হোসিয়ারী শিল্প গড়ে উঠার কারণ কী?**
(ক) কাঁচামালের সহজলভ্যতা
(খ) অনুকূল জলবায়ু
(গ) শ্রমিকের সহজলভ্যতা
(ঘ) যোগাযোগ ব্যবস্থা

**২. BSTI- এর পূর্ণরূপ কোনটি?**
(ক) Banladesh Standing and Testing Institution
(খ) Bangladesh Standard and Testing Institution
(গ) Bengal Standing and Testing Institution
(ঘ) Bengal Standard and Testing Institution

**উদ্দীপকটি পড়ো এবং ৩ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব X একজন চীনের নাগরিক। তিনি ঢাকা EPZ-এর একটি রপ্তানিমুখী গার্মেন্টস এর মালিক।

**৩. জনাব X এর অর্থনৈতিক কার্যক্রমে প্রভাবিত হবে বাংলাদেশের—**
(ক) GDP (খ) GNP (গ) NNP (ঘ) NI

**৪. কারখানার প্রশাসনিক কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে কোন লে-আউট স্থাপিত হয়?**
(ক) প্রসেস (খ) সার্ভিস (গ) প্রডাক্ট (ঘ) অফিস

**৫. কোন ধরনের উৎপাদন ক্ষমতার তথ্য মেশিনের গায়ে লেখা থাকে?**
(ক) প্রকৌশলগত (খ) কার্যকর
(গ) প্রকৃত (ঘ) সর্বোচ্চ

**উদ্দীপকটি পড়ো এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. ফারদিন ব্যাংকের সহায়তায় একটি সুতার কল স্থাপন করেন। তার ব্যবসায়টি বেশ লাভবান হওয়ায় তিনি তার বন্ধু মুন্নাকে সমঝোতার মাধ্যমে ব্যবসায়ে সংযুক্ত করেন।

**৬. মি. ফারদিনের ব্যাংক সহায়তা উৎপাদনের কোন উপাদান হিসেবে পরিচিত?**
(ক) শ্রম (খ) মূলধন (গ) ভূমি (ঘ) সংগঠন

**৭. মি. মুন্নাকে ব্যবসায়ে সংযুক্ত করার ফলে ফারদিনের ব্যবসায়টি কীরূপ সংগঠন হিসাবে পরিচিত হবে?**
(ক) অংশীদারি (খ) কোম্পানি
(গ) সমবায় (ঘ) যৌথ উদ্যোগ

**উদ্দীপকটি পড়ো এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব ফাহিম কুমিল্লায় একটি কোল্ড স্টোরেজ স্থাপন করেন। এখানে আশেপাশের আলু চাষী ও ব্যবসায়ীরা আলু রেখে পরবর্তী সময়ে চাহিদামতো বিক্রয় করে। এতে তারা আলুর উপযুক্ত মূল্য পায় ও লাভবান হয়। ভোক্তারা মানসম্মত আলু ক্রয় করতে পেরে খুশি।

**৮. জনাব ফাহিমের প্রতিষ্ঠানটি কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
(ক) রূপগত (খ) সময়গত
(গ) স্থানগত (ঘ) সেবাগত

**৯. উদ্দীপকে উল্লিখিত কার্যক্রমের মাধ্যমে যে সুবিধা পাওয়া যায় তা হলো—**
i. উৎপাদন ব্যয় হ্রাস ii. ভোক্তার সন্তুষ্টি বৃদ্ধি
iii. চাহিদা ও যোগানে সমন্বয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১০. শ্রমিকের সহজলভ্যতা কোন ধরনের উপাদান?**
(ক) অর্থনৈতিক (খ) প্রাকৃতিক
(গ) রাজনৈতিক (ঘ) সাংস্কৃতিক

**১১. উৎপাদনের মাধ্যমে পণ্যের কী সৃষ্টি হয়?**
(ক) মালিকানা (খ) উপযোগ
(গ) চাহিদা (ঘ) ঝুঁকি

**১২. উৎপাদনের উপাদান কয়টি?**
(ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৫

**১৩. ভূমির বৈশিষ্ট্য হলো—**
i. প্রকৃতির দান ii. আদিম ও অক্ষয়
iii. হস্তান্তরযোগ্য নয়
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**
অরণ্য ফ্যাশন আধুনিক ও উন্নতমানের ডিজাইনের পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান। বর্তমানে প্রতিষ্ঠানটি পণ্যের রং ও স্টাইল পরিবর্তন ও উন্নত করার মাধ্যমে ভোক্তাদের আকৃষ্ট করে ফ্যাশন জগতে জনপ্রিয়তার শীর্ষে পৌছাতে সক্ষম হয়েছে।

**১৪. অরণ্য ফ্যাশন কোন ধরনের পণ্য ডিজাইনের অন্তর্ভুক্ত হবে?**
(ক) ব্যবহারিক ডিজাইন (খ) নান্দনিক ডিজাইন
(গ) উৎপাদন ডিজাইন (ঘ) প্যাকিং ডিজাইন

**১৫. উদ্দীপকে গুরুত্ব প্রদান করা হয়েছে—**
i. ভোক্তার পছন্দ
ii. পণ্যের বাহ্যিক সৌন্দর্য
iii. উৎপাদন প্রক্রিয়া
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৬. পরিবহন কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
(ক) রূপগত (খ) কালগত
(গ) স্বত্বগত (ঘ) স্থানগত

**উদ্দীপকটি পড়ো এবং ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. সিয়াম একটি টেক্সটাইল মিলের উৎপাদন ব্যবস্থাপক। তিনি কাপড় উৎপাদনের জন্য জাপান থেকে যন্ত্রপাতি এবং ভারত থেকে সুতা ও অন্যান্য সামগ্রী আমদানির পরামর্শ দেন।

**১৭. উদ্দীপকে আমদানিকৃত পণ্য কোন প্রক্রিয়ায় ব্যবহৃত হবে?**
(ক) ক্রয় (খ) বিক্রয়
(গ) উৎপাদন (ঘ) বাজারজাতরণ

**১৮. নিট জাতীয় উৎপাদন হিসাব করতে মোট জাতীয় উৎপাদন থেকে কী বাদ দেয়া হয়?**
(ক) মুনাফা (খ) জমির খাজনা
(গ) প্রবাসীদের প্রেরিত অর্থ (ঘ) অবচয়জনিত ব্যয়

**১৯. উৎপাদনের উপাদানসমূহ একত্রিত করেন কে?**
(ক) সংগঠক (খ) ক্রেতা
(গ) ভোক্তা (ঘ) সরবরাহকারী

**২০. ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজে প্রাথমিক মূলধন যোগান দেন কে?**
(ক) ব্যাংক (খ) সরকার
(গ) মালিক (ঘ) এন জি ও

Teachingbd.com

http://teachingbd.com

২১. **GNP-এর সূত্র কোনটি?**
ক GDP – CCA  খ GDP – DC
গ GDP – NNP  ঘ C + I + G + (X – M)

২২. **উৎপাদনশীলতা বৃদ্ধি পেলে—**
ক উৎপাদন ব্যয় হ্রাস পায়
খ অবচয় বৃদ্ধি পায়
গ মুনাফা হ্রাস পায়
ঘ পণ্যের উৎকর্ষতা বৃদ্ধি পায়।

২৩. **মাত্রাজনিত ব্যয় সংকোচের সাথে কত প্রকার ব্যয় সম্পৃক্ত?**
ক ১  খ ২  গ ৩  ঘ ৪

**উদ্দীপকটি পড়ো এবং ২৪ নং প্রশ্নের উত্তর দাও।**
ফাইজা লি.-এর তথ্য নিম্নরূপ—

| | |
|---|---|
| শ্রমিক সংখ্যা | ১৫০ জন |
| স্থায়ী সম্পত্তিসহ মূলধন | ২০ কোটি টাকা |

২৪. **ফাইজা লি.-এর এন্টারপ্রাইজ কোন ধরনের?**
ক ক্ষুদ্র  খ মাঝারি
গ বৃহদায়তন  ঘ সেবাধর্মী ক্ষুদ্র

২৫. **পণ্য ডিজাইনে বিবেচনা করা হয়—**
i. পণ্যের সম্ভাব্য মূল্য  ii. ক্রেতাদের ক্রয় ক্ষমতা
iii. কাঁচামালের ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii
গ ii ও iii  ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাও।**
একটি কারখানায় ৫,০০,০০০ টাকার কাঁচামাল, মজুরি বাবদ ৫০,০০০ টাকা এবং যন্ত্রপাতি বাবদ ১,০০,০০০ টাকা খরচ হয়। কারখানায় ১৩,০০,০০০ টাকার পণ্য উৎপাদিত হয়।

২৬. **কারখানার মোট উৎপাদনশীলতা কত?**
ক ২  খ ২.৫  গ ২.৬  ঘ ৮.৬৭

২৭. **কোনটি সেবার বৈশিষ্ট্য?**
ক দৃশ্যমানতা  খ অপরিবর্তনীয়তা
গ অবিচ্ছিন্নতা  ঘ সংরক্ষণযোগ্যতা

২৮. **প্রতিষ্ঠানের পণ্য ডিজাইন করে কে?**
ক বিপণন বিভাগ  খ উৎপাদন বিভাগ
গ মার্চেন্ডাইজিং কর্মকর্তা  ঘ কারিগরি বিভাগ

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. নির্জন কলেজের পাশে একটি ফটোস্ট্যাটের দোকান দেন। বর্তমানে চাহিদা থাকায় দোকানে কম্পিউটার স্থাপনের কথা ভাবছেন। এজন্য তার দুই বন্ধুর কাছ থেকে ধার নেয়ার সিদ্ধান্ত নিলেন।

২৯. **বর্তমানে মি. নির্জনের সংগঠনটি কোন ধরনের?**
ক একমালিকানা  খ অংশীদারি
গ যৌথ মূলধনী  ঘ যৌথ উদ্যোগ

৩০. **CPM-এর পূর্ণরূপ কোনটি?**
ক Critical Policy Maker
খ Critical Planning Method
গ Critical Policy Method
ঘ Critical Path Method

৩১. **কোন উৎপাদন ক্ষমতা স্বল্পমেয়াদি উৎপাদন প্রক্রিয়ায় কার্যকর?**
ক প্রকৌশলগত উৎপাদন ক্ষমতা
খ কার্যকর উৎপাদন ক্ষমতা
গ সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা
ঘ প্রকৃত উৎপাদন ক্ষমতা

৩২. **ব্যয়ের দৃষ্টিকোণ থেকে জাতীয় আয় পরিমাপে কোনটি যোগ হয়?**
ক খাজনা  খ মজুরি
গ মুনাফা
ঘ রপ্তানি ও আমদানির পার্থক্য

৩৩. **নিচের কোনটি পরিবর্তনশীল ব্যয়?**
ক নির্বাহীর বেতন  খ কাঁচামালের খরচ
গ কারখানার ভাড়া  ঘ যন্ত্রপাতির অবচয়

**উদ্দীপকটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. বাবু একটি কারখানা গড়ে তোলেন। বিভিন্ন উপকরণ ব্যবহার করে, প্রতি মাসে ২৫,০০০ একক উৎপাদন করার ক্ষমতা থাকলেও শ্রমিকদের অসহযোগিতার কারণে বর্তমানে উৎপাদিত হচ্ছে ৫,০০০ একক। উল্লেখ্য উক্ত প্রতিষ্ঠানের পণ্যের বাজারে যথেষ্ট চাহিদা আছে।

৩৪. **কারখানাটির উৎপাদন ক্ষমতার ব্যবহার কত?**
ক ৫%  খ ১০%  গ ২০%  ঘ ২৫%

৩৫. **উদ্দীপক অনুসারে কর্তৃপক্ষের করণীয় হলো—**
i. উপকরণ ব্যবহারে সচেতনতা
ii. বিপণনে গুরুত্ব দেয়া
iii. শ্রমিকদের প্রেষণা দেয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

৩৬. **বৃহৎ সিমেন্ট কারখানা নদীর তীরে গড়ে উঠার কারণ—**
ক শ্রমিকদের সহজলভ্যতা  খ কাঁচামালের প্রাপ্যতা
গ যোগাযোগ সুবিধা  ঘ ক্রেতার সান্নিধ্য

৩৭. **হিমাগার কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ক সময়গত  খ স্থানগত
গ রূপগত  ঘ স্বত্বগত

**উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও।**
বিদেশ থেকে এসে মি. সুমন তার বাড়ির কাছে মহাসড়কের পাশে বৃহৎ আকারের একটি দোকান দিলেন। দোকানটি স্থানীয় বাজার থেকে বহু দূরে। শহরের ন্যায় দোকান ও পর্যাপ্ত পণ্যসামগ্রী থাকলেও বেচা-কেনা তেমন হয় না। তাই দোকানটি বন্ধ হওয়ার পথে।

৩৮. **কোনটির অভাবে দোকানটি বন্ধ হওয়ার পথে?**
ক পর্যাপ্ত মূলধনের  খ উপযুক্ত অবস্থানের
গ জ্বালানি শক্তির  ঘ যোগাযোগ ব্যবস্থার

৩৯. **ব্যবসায়ের সফলতা লাভের জন্য মি. সুমনের করণীয় কী?**
ক দোকানটি শহরে স্থানান্তর করা
খ ব্যাংক হতে পর্যাপ্ত ঋণ গ্রহণ করা
গ ব্যাপক বিজ্ঞাপনের ব্যবস্থা করা
ঘ যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটানো

৪০. **কোনটিকে পরিবেশ ব্যবস্থাপনা পদ্ধতি বলা হয়?**
ক ISO 9000  খ ISO 9002
গ ISO 9003  ঘ ISO 14000

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | খ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | খ | ৭ | ক | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ক |
| ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | ঘ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | ঘ |
| ৩১ | গ | ৩২ | ঘ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | ক | ৪০ | ঘ |

http://teachingbd.com